# শিল্পকলা পদক
# নীতিমালা

সৃজনশীল বাংলাদেশ

বাংলাদেশ শিল্পকলা একাডেমি

# ‘শিল্পকলা পদক’ নীতিমালা

## প্রথম অধ্যায়

### পদক সংক্রান্ত

১। **উদ্দেশ্য :**

বাংলাদেশের শিল্প ও সংস্কৃতির ক্ষেত্রে জাতীয় পর্যায়ে বিশেষ অবদানের জন্য গুণীজন এবং তাঁদের কর্মকে চিহ্নিত করে ‘শিল্পকলা পদক’ প্রদানের মাধ্যমে সংস্কৃতির পৃষ্ঠপোষকতা ও বিকাশ সাধন।

২। **লক্ষ্য :**

প্রতি বছর শিল্প ও সাহিত্যের নিম্নবর্ণিত ১২টি ক্ষেত্রসহ শিল্পকলার যে কোন ক্ষেত্রের মধ্যে হতে কমপক্ষে ১০টি ক্ষেত্রের ০১(এক) জন করে মোট ১০ জন গুণীজনকে তাঁদের বিশেষ অবদানের জন্য ‘শিল্পকলা পদক’ প্রদান করা। তবে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে ১০ জন এর কম দেওয়া যাবে।

১. কণ্ঠসংগীত
২. নৃত্যকলা
৩. যন্ত্রসংগীত
৪. চারুকলা
৫. ফটোগ্রাফি
৬. নাট্যকলা
৭. চলচ্চিত্র
৮. আবৃত্তি
৯. যাত্রাশিল্প
১০. লোক সংস্কৃতি
১১. সৃজনশীল সাংস্কৃতিক সংগঠন/সংগঠক
১২. সৃজনশীল সাংস্কৃতিক গবেষক

৩। **পদকের নাম :** ‘শিল্পকলা পদক’।

৪। **পদকের মান :**

বাংলাদেশ শিল্পকলা একাডেমি ‘শিল্পকলা পদক’-এর জন্য মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণের প্রত্যেককে ০১(এক)টি করে বাংলাদেশ শিল্পকলা একাডেমি-এর নাম এবং মনোগ্রাম-সম্বলিত পদক, সনদপত্র এবং ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার চেক প্রদান করা হবে।

সৃজনশীল বাংলাদেশ

## দ্বিতীয় অধ্যায়

### কমিটি সংক্রান্ত

**৫। 'শিল্পকলা পদক' প্রদান কমিটি :**

এই কমিটি অনধিক ১৫(পনের) সদস্য বিশিষ্ট হবে।

**৬। 'শিল্পকলা পদক' প্রদান কমিটি-এর গঠন :**

| ক্র. নং | পদ অন্তর্ভুক্তির বিবরণ | পদ মর্যাদা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ক. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা। (পদাধিকার বলে) | সভাপতি |
| খ. | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| গ. | শিল্প ও সংস্কৃতির ২নং বিধিতে বর্ণিত ১০টি ক্ষেত্রের মধ্যে হতে বাংলাদেশ শিল্পকলা একাডেমি পরিষদ কর্তৃক মনোনয়নকৃত ৭ জন সাংস্কৃতিক ব্যক্তিত্ব/ বিশেষজ্ঞ। | সদস্য |
| ঘ. | বাংলাদেশ শিল্পকলা একাডেমির বিভাগীয় প্রধানগণের মধ্যে হতে মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক লিখিত মনোনয়নকৃত ০৫ (পাঁচ) জন প্রতিনিধি। | সদস্য |
| ঙ. | পদক প্রদান সংক্রান্ত কার্যাদি সম্পাদানের জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমির দায়িত্ব প্রাপ্ত সচিব। (পদাধিকার বলে) | সদস্য সচিব |

**৭। সদস্য মনোনয়ন :**

ক) মহাপরিচালক ০৬ নং বিধিতে বর্ণিত সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি মনোনয়ন প্রদানের জন্য মন্ত্রণালয়কে অনুরোধ জানাবেন।

খ) মহাপরিচালক ০৬ নং বিধির ৬ গ. বিধিতে বর্ণিত প্রতিনিধি মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ জানাবেন।

গ) মহাপরিচালক ৬ ঘ. বিধিতে বর্ণিত প্রতিনিধি মনোনয়ন প্রদান করবেন।

ঘ) সদস্যগণের নাম/পদবিসহ গঠিত পূর্ণাঙ্গ কমিটি মহাপরিচালক যথাসময়ে মন্ত্রণালয়কে অবহিত করবেন।

**৮। কমিটির কার্যকাল :**

'শিল্পকলা পদক' প্রদান কমিটি-এর কার্যকাল কমিটি অনুমোদিত হবার তারিখ হতে ০২(দুই) বছরকাল বলবৎ থাকবে।

**৯। কমিটির সদস্যগণের পদত্যাগ ও অপসারণ :**

ক) শিল্পকলা একাডেমি পরিষদ কর্তৃক মনোনয়নকৃত সদস্যগণ যে কোন সময় স্বীয় পদ থেকে পরিষদের সভাপতি বরাবর আবেদন করে পদত্যাগ করতে পারবেন এবং এরূপ পদত্যাগপত্র গৃহীত হবার পর 'শূন্য পদে' পরিষদ অন্যকোন সদস্য মনোনয়ন করবেন।

খ) বাংলাদেশ শিল্পকলা একাডেমি পরিষদ স্বীয় বিবেচনায় যে কোন মনোনীত সদস্যের সদস্যপদ বাতিল করতে পারবেন।

গ) সদস্যপদ-এর যে কোন পরিবর্তন/সংযোজন যথাসময়ে মহাপরিচালক মন্ত্রণালয়কে অবহিত করবেন।

## তৃতীয় অধ্যায়

### কমিটির কার্যক্রম সম্পর্কিত

১০। বাংলাদেশ শিল্পকলা একাডেমি 'শিল্পকলা পদক' প্রদান সংক্রান্ত কমিটি প্রতি বছর জানুয়ারি মাসে প্রথম সভায় মিলিত হয়ে পদক প্রদানের উদ্দেশ্যে ২নং বিধিতে বর্ণিত ১২টি ক্ষেত্রসহ শিল্পকলার যে কোন ক্ষেত্রের মধ্যে যে কোন ১০টি ক্ষেত্র হতে অনধিক ০৩(তিন) জন গুণীজনের নামের প্রস্তাব আহ্বান করবেন।

১১। কমিটি নাম প্রস্তাব আহ্বানের ক্ষেত্রে সদস্যগণের মতামতকে প্রাধান্য দিবে। তবে, কমিটির আলোচনার কোন ক্ষেত্রে যথাযথ প্রস্তাব পাওয়া না গেলে কমিটি স্বীয় বিবেচনায় জাতীয় পর্যায়ে ইতোপূর্বে পদকপ্রাপ্ত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা কোন সুধীজনের নিকট নাম প্রেরণের জন্য প্রস্তাব আহ্বান করতে পারবে।

১২। কমিটি দ্বিতীয় সভায় প্রস্তাবিত গুণীজনের অবদান মূল্যায়নসহ তাঁদের কেউ ইতিপূর্বে কোন জাতীয় পদক প্রাপ্ত হয়েছিলেন কি-না তা যাচাই করবে। অতঃপর প্রস্তাবিত নাম হতে কমিটি প্রতিটি ক্ষেত্রের জন্য একজন গুণীব্যক্তি চিহ্নিত করে 'প্রাথমিক মনোনয়ন' প্রদান করবে।

১৩। প্রাথমিক মনোনয়ন প্রাপ্ত গুণীজনের নিকট হতে এ উদ্দেশ্যে নির্ধারিত 'ছকে' কমিটি কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে তথ্য আহ্বান করা হবে।

১৪। তথ্য আহ্বানকৃত গুণীজন কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে 'ছক' পূরণ করে তথ্য নিজ স্বাক্ষরসহ কমিটি বরাবর দাখিল করবেন।

১৫। নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত 'ছকে' তথ্য প্রাপ্তির পর কমিটি তৃতীয় সভায় মিলিত হয়ে প্রাপ্ত তথ্য যাচাই বাছাই করে পদক প্রদানের উদ্দেশ্যে নামের তালিকা চূড়ান্ত করবে। চূড়ান্ত নামের তালিকা গুণীজন কমিটি কর্তৃক পদক প্রদানের জন্য 'মনোনীত' হিসাবে গণ্য করা হবে।

১৬। কমিটি পদক প্রদানের জন্য তারিখ, সময় ও স্থান নির্ধারণ করবে। প্রতি অর্থ বছরের মধ্যে কমিটি কর্তৃক আনুষ্ঠানিক পদক প্রদানের কাজ শেষ করতে হবে।

১৭। কমিটি কর্তৃক পদক প্রদান সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত কমপক্ষে ০৯ (নয়) জন সদস্যের সম্মতির ভিত্তিতে হবে হবে।

১৮। পদক প্রদান সংক্রান্ত কমিটির সকল প্রকার সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট নথিপত্র 'গোপনীয়' বলে বিবেচিত হবে।

## চতুর্থ অধ্যায়

### দায়িত্ব প্রাপ্ত বিভাগ এবং কার্যাদি

১৯। বাংলাদেশ শিল্পকলা একাডেমির প্রশাসন এবং গবেষণা ও প্রকাশনা বিভাগ 'শিল্পকলা পদক' প্রদান সংক্রান্ত কার্যাদি সম্পাদনের জন্য দায়িত্ব প্রাপ্ত বিভাগ হিসাবে গণ্য হবে।

২০। দায়িত্বপ্রাপ্ত বিভাগ হিসাবে গবেষণা ও প্রকাশনা বিভাগ 'রাষ্ট্রীয় পদক' প্রাপ্ত গুণীজন যারা বর্তমানে জীবিত আছেন তাদের নামের হালনাগাদ তালিকা সংগ্রহ ও সংরক্ষণ করবে।

২১। দায়িত্বপ্রাপ্ত বিভাগ হিসাবে গবেষণা ও প্রকাশনা বিভাগ পদক প্রদানকৃত গুণীজনের তথ্যাদিসহ পদক প্রক্রিয়ার সকল নথি সংরক্ষণ করবে।

## পঞ্চম অধ্যায়

### পদক প্রাপ্তির যোগ্যতা ও সীমাবদ্ধতা

২২। পদকের জন্য মনোনীত গুণীজন জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক হবেন।

২৩। পদক প্রদানের জন্য প্রাথমিক মনোনয়ন প্রাপ্ত গুণীজনের বয়স বিবেচ্য বছরের ১ জানুয়ারি তারিখে কমপক্ষে ৪০ (চল্লিশ) বছর পূর্ণ হতে হবে।

২৪। শিল্পকলা পদক কেবল জীবিত গুণীজনের ক্ষেত্রে প্রযোজ্য হবে। কোন মরণোত্তর পদক প্রদান করা যাবে না।

২৫। রাষ্ট্রীয় পর্যায়ে **'একুশে পদক'**, **'স্বাধীনতা পদক'** ও **'জাতীয় চলচ্চিত্র পুরস্কার'** প্রাপ্ত গুণীজনকে এই পদক প্রদানের জন্য মনোনীত করা যাবে না।

২৬। বাংলাদেশের মুক্তিযুদ্ধ, স্বাধীনতার চেতনা ও সার্বভৌমত্ববিরোধী কোন ব্যক্তি এই পুরস্কার পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না।

২৭। পদকের জন্য ইতোপূর্বে 'মনোনয়ন' প্রাপ্ত গুণীজনকে পুনরায় এই পদকের জন্য 'প্রাথমিক মনোনয়ন' প্রদান করা যাবে না। তবে, ইতোপূর্বে 'প্রাথমিক মনোনয়নপ্রাপ্ত' কোন গুণীজনকে এই পদক প্রদানের জন্য পুনরায় মনোনয়ন প্রদান করা যাবে। এছাড়া যে কেউ একবার পদক পেলে দ্বিতীয় বারের জন্য মনোনয়ন দেয়া যাবে না।

২৮। পদক প্রদানের জন্য কোন ক্ষেত্রে কোন গুণীজনকে মনোনয়ন প্রদান করা সম্ভব না হলে বিবেচ্য বছর উক্ত ক্ষেত্রে গুণীজনকে পদক প্রদান করা হবে না।

২৯। পদক প্রদান কমিটির কোন সদস্য বিবেচ্য বছর পদক প্রাপ্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

৩০। পদকের জন্য 'মনোনয়ন' প্রাপ্ত ব্যক্তি আনুষ্ঠানিক পদক প্রদানের পূর্বে শারীরিকভাবে পঙ্গু/অক্ষম হলে অথবা মৃত্যুবরণ করলে অথবা অন্য যে কোন কারণে পদক গ্রহণের জন্য উপস্থিত হতে না পারলে তার আইনানুগ উত্তরাধিকারীগণের মধ্য হতে একজন পদক, সনদপত্র এবং চেক গ্রহণ করবেন।

(১) উত্তরাধিকারী এক বা একাধিক যাই হোক না কেন 'মনোনয়ন' প্রাপ্ত ব্যক্তির পক্ষে পদক গ্রহণের জন্য লিখিত আবেদনের সাথে নিম্ন বর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে–

ক) মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি বরাবর লিখিত আবেদনপত্র

খ) উত্তরাধিকার সনদপত্র।

গ) উত্তরাধিকারীগণ কর্তৃক সনদ গ্রহণের জন্য সকলের পক্ষে একজন প্রতিনিধি নির্ধারণ সংক্রান্ত 'এফিডেভিট'।

২) উত্তরাধিকারী এবং প্রতিনিধি নির্ধারণ সংক্রান্ত জটিলতার কারণে পদক গ্রহণের জন্য লিখিত আবেদনপত্র দাখিল করতে বিলম্ব হলে কোন বছরের পুরস্কার পরবর্তীতে আনুষ্ঠানিক ভাবে প্রদানকৃত পুরস্কারের সাথে প্রদান করা যাবে।

৩) পদকের জন্য জীবিত অবস্থায় 'মনোনয়ন' প্রাপ্ত ব্যক্তির পক্ষে উত্তরাধিকারী কর্তৃক পদক গ্রহণ ২৪নং বিধিতে বর্ণিত 'মরণোত্তর' পদক বলে বিবেচিত হবে না।

## ষষ্ঠ অধ্যায়

### অনুমোদন, সংশোধন ও পরিবর্তন

৩২। 'শিল্পকলা পদক' নীতিমালা শিল্পকলা পরিষদ কর্তৃক অনুমোদিত হবে।

৩৩। 'শিল্পকলা পদক' প্রদান সংক্রান্ত 'তথ্য সংগ্রহ ছক' শিল্পকলা পরিষদ কর্তৃক অনুমোদিত হবে।

৩৪। পদক প্রদান সংক্রান্ত নীতিমালার কোন বিধি বা উপ-বিধি পরিবর্তন, সংশোধন বা বাতিলকরণের প্রয়োজন হলে পদক প্রদান সংক্রান্ত কমিটির কমপক্ষে দুই-তৃতীয়াংশ সদস্যের সম্মতির ভিত্তিতে 'প্রস্তাবনা' তৈরি করে তা শিল্পকলা পরিষদের নিকট অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে।

৩৫। এইরূপ পরিবর্তন, সংশোধন বা বাতিল করণের প্রস্তাব পরিষদ কর্তৃক অনুমোদিত হবার তারিখ হতে কার্যকরী হবে।

## সপ্তম অধ্যায়

### বিবিধ

৩৬। এই নীতিমালার প্রতিটি ক্রমিক নম্বর যথাক্রমে 'বিধি' এবং বিধি-এর অন্তর্ভুক্ত প্রতিটি ক্রমিক নম্বর উপ-বিধি হিসাবে উল্লিখিত হবে।

৩৭। এই নীতিমালায় বর্ণিত কোন শব্দ বা বিধি, উপ-বিধিতে বর্ণিত কোন বিষয় অস্পষ্ট বা দ্ব্যর্থ বোধক হলে সেক্ষেত্রে পদক প্রদান কমিটি প্রদত্ত ব্যাখ্যা গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

৩৮। এই নীতিমালায় উল্লেখ করা হয়নি এমন কোন বিষয়ে পদক প্রদান কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০।

সৃজনশীল বাংলাদেশ

বাংলাদেশ শিল্পকলা একাডেমি

www.shilpakala.gov.bd